



# PERMANENT MISSION OF BANGLADESH TO THE UNITED NATIONS

Diplomat Center, 820 2<sup>nd</sup> Avenue (4<sup>th</sup> floor), New York, NY 10017  
Tel: (212) 867-3434 • Fax: (212) 972-4038 • E-mail: bdpmny@gmail.com  
Web site: [www.un.int/bangladesh](http://www.un.int/bangladesh)

## প্রেস রিলিজ

সর্বোচ্চ ভোট পেয়ে সিএমডব্লিউ'র নির্বাচনে বাংলাদেশের প্রার্থী পররাষ্ট্র সচিব মো: শহীদুল হক নির্বাচিত

নিউইয়র্ক, ২৮ জুন ২০১৭:

বাংলাদেশের প্রার্থী পররাষ্ট্র সচিব মো: শহীদুল হক আজ জাতিসংঘ সদরদপ্তরে অনুষ্ঠিত কমিটি অন দ্যা রাইটস্ অব অল মাইগ্রান্ট ওয়াকার্স এন্ড মেম্বারস্ অব দেয়ার ফ্যামিলিজ্ (সিএমডব্লিউ)-এর ২০১৮-২০২১ মেয়াদের নির্বাচনে ৫১ ভোটের মধ্যে ৪৬ ভোট পেয়ে সদস্য হিসেবে পুনঃনির্বাচিত হয়েছেন। সিএমডব্লিউ'র এই নির্বাচনে কোনও প্রার্থীর এটাই সর্বাধিক ভোট। এই বিজয় বাংলাদেশের বলিষ্ঠ পররাষ্ট্রনীতির প্রতি বিশ্ববাসীর আস্থার প্রতিফলন। পররাষ্ট্র সচিব চার বছর মেয়াদি এই কমিটিতে একজন স্বাধীন বিশেষজ্ঞ হিসেবে কাজ করবেন।

উল্লেখ্য, প্রধানমন্ত্রী শেখ হাসিনাই প্রথমবারের মতো অভিবাসীদের অবৈধ পাচার রোধকল্পে একটি নিরাপদ, সুশৃঙ্খল ও নিয়মিত 'গ্লোবাল মাইগ্রেশন কমপ্যাক্ট' প্রণয়নের জন্য জাতিসংঘ সাধারণ পরিষদে প্রস্তাব দিয়েছিলেন। প্রধানমন্ত্রীর এই প্রস্তাব ২০১৬ সালে জাতিসংঘ সাধারণ পরিষদে সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। গ্লোবাল কমপ্যাক্ট তৈরীর বিষয়ে জাতিসংঘে এখন আনুষ্ঠানিক আলোচনা চলছে। উল্লেখ্য বাংলাদেশ নিউইয়র্ক ও জেনেভায় জাতিসংঘের 'গ্রুপ অফ ফ্রেন্ডস্ অফ মাইগ্রেশন' এর নেতৃত্ব দিচ্ছে এবং অত্যন্ত সক্রিয় সদস্য হিসেবে জাতিসংঘে অভিবাসন বিতর্কে অংশগ্রহণ করছে।

বাংলাদেশ এই নিয়ে দ্বিতীয় বারের মতো সিএমডব্লিউ'র সদস্য হল যা আমাদের ৯ মিলিয়ন অভিবাসী কর্মী ও তাদের পরিবারের সদস্যসহ বিশ্বব্যাপী অভিবাসী কর্মীদের সুরক্ষা ও উন্নয়নে একটি নতুন মাত্রা যোগ করল। এটি নি:সন্দেহে মাইগ্রেশন ইস্যুতে জাতিসংঘ ও এর বাইরে বাংলাদেশের অগ্রণী ভূমিকার সুস্পষ্ট স্বীকৃতি।

ইন্টারন্যাশনাল কনভেনশন অব দ্যা রাইটস্ অব অল মাইগ্রান্ট ওয়াকার্স এন্ড মেম্বারস্ অব দেয়ার ফ্যামিলিজ্ (আইসিআরএমডব্লিউ)-এর ৫১টি দেশ আজ সিএমডব্লিউ'র পরবর্তী ৪ বছর মেয়াদের জন্য নতুন ৭ জন বিশেষজ্ঞকে নির্বাচিত করল যারা জানুয়ারি ২০১৮ থেকে কাজ শুরু করবে। সিএমডব্লিউ'র ১৪ সদস্যের পরিষদ আইসিআরএমডব্লিউ-এর দেশসমূহের অভিবাসী কর্মীদের মানবাধিকার রক্ষা এবং সিএমডব্লিউ'র সদস্য নয় এমন দেশগুলোর সাথে প্রয়োজনীয় চুক্তিস্বাক্ষরসহ সংশ্লিষ্ট নানা বিষয় নিয়ে কাজ করে। বাংলাদেশ ২৪ আগস্ট ২০১১ সিএমডব্লিউ'র চুক্তি অনুস্বাক্ষর করে।

উল্লেখ্য বাংলাদেশের পররাষ্ট্র সচিবের সাথে এই কমিটিতে আলবেনিয়া, শ্রীলংকা, কলম্বিয়া, আজারবাইজান, সেনেগাল ও নাইজারের প্রার্থীগণও নির্বাচিত হয়েছেন।

মাইগ্রেশনের একজন খ্যাতনামা আন্তর্জাতিক বিশেষজ্ঞ হিসেবে পরিচিত মো: শহীদুল হক, ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ফর মাইগ্রেশন (আইওএম) এর সদর দপ্তরে পরিচালক, ইন্টারন্যাশনাল কো-অপারেশন এন্ড পার্টনারশিপ হিসেবে দীর্ঘদিন কাজ করেছেন। তিনি ২০১৬ মেয়াদে গ্লোবাল ফোরাম অন মাইগ্রেশন অ্যান্ড ডেভেলপমেন্ট (জিএফএমডি)-এর চেয়ারম্যানের দায়িত্ব পালন করেন। তিনি 'গ্লোবাল কমপ্যাক্ট' ধারণাটি এগিয়ে নিতেও তাৎপর্যপূর্ণ অবদান রেখেছেন।